



স্মারকঃ- বাউবি/এসএসএস/সিপিসিএল/জেনারেল/০২/২৫/১৬/ ২০২৬

তারিখ : ২২/০৮/২০২১

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।


বিষয় : সার্টিফিকেট ইন প্রিলিমিনারি চাইনিজ ল্যাঙ্গুয়েজ (সিপিসিএল) প্রোগ্রামের অনলাইন ক্লাস শুরু প্রসঙ্গে।
সূত্র : এসএসএইচএল হতে প্রাপ্ত পত্র; তারিখ : ১৯/০৮/২০২১।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবির স্কুল অব সোশাল সায়েন্সেস, হিউম্যানিটিজ এন্ড ল্যাঙ্গুয়েজেস (এসএসএইচএল) পরিচালিত ছয় মাস মেয়াদী সার্টিফিকেট ইন প্রিলিমিনারি চাইনিজ ল্যাঙ্গুয়েজ (সিপিসিএল) প্রোগ্রামের জুলাই-ডিসেম্বর, ২০২০ সিমেন্টারের (৮ম ব্যাচ) অনলাইন ক্লাস ০৩/০৯/২০২১ তারিখ হতে শুরু করার বিষয়টি কর্তৃপক্ষ অনুমোদন করেছেন। এছাড়া, কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে সরাসরি ক্লাসরুমে ক্লাসের আয়োজন করার এবং টিউটোরিয়াল ক্লাস শেষে (অনলাইন ও সরাসরি) টিউটরদের বিল প্রদানের বিষয়টি অনুমোদিত হয়েছে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



(ড. আনিস-রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১. রেজিস্ট্রার, বাউবি (একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো)।
২. ডিন, এসএসএইচএল, বাউবি।
৩. কো-অর্ডিনেটর, চাইনিজ ভাষা শিক্ষা কোর্স, এসএসএইচএল, বাউবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি।
৫. পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।
৬. সিস্টেম ম্যানেজার/পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (ওয়েব পেইজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
৭. পরিচালক, মিডিয়া বিভাগ, বাউবি (সিপিসিএল প্রোগ্রামের অনলাইনে ক্লাস শুরুর বিষয়টি বাউবির ওয়েব টিভি ও অন্যান্য ভার্চুয়াল প্ল্যাটফর্মে উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো)।
৮. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, বাউবি।
৯. একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপ-পরিচালক, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।
১২. সংরক্ষণ নথি।

